

স্মার্ট গ্রন্থাগার, স্মার্ট বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী
publiclibrary.rajshahidiv.gov.bd

নম্বর: ৪৩.২৬.৫০০০.০০০.২৩.০০৩.২১.১৫

৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৮ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদযাপন উপলক্ষ্যে বইপাঠ, চিত্রাংকন, রচনা এবং উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার বিজ্ঞপ্তি।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ও গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীর উদ্যোগে আগামী ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদযাপন উপলক্ষ্যে নিম্নোক্তভাবে বইপাঠ, চিত্রাংকন, রচনা ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আগ্রহী সকলকে নিম্নে উল্লেখিত শর্তাবলী মেনে অংশগ্রহণের জন্য আহবান জানানো হলো।

ক) বইপাঠ প্রতিযোগিতা:

ক্র.	শ্রেণি	প্রতিযোগিতার বই	তারিখ, সময় ও স্থান
১	উন্মুক্ত	প্রতিযোগিতা শুরুর সময় দেয়া হবে	আগামী ০১-০২-২০২৪ তারিখ বিকেল ২ টায় বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী

খ) চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্র.	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকনের বিষয়	প্রতিযোগিতার স্থান, সময় ও তারিখ
১.	ক	শিশু-২য় শ্রেণি	উন্মুক্ত	আগামী ০৩-০২-২০২৪ তারিখ বিকেল ২ টায় স্বশরীরে উপস্থিত হয়ে অংশগ্রহণ করতে হবে।
২.	খ	৮-১২ বছর	আমার প্রিয় গ্রন্থাগার	

গ) রচনা প্রতিযোগিতা:

ক্র.	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার তারিখ, সময় ও স্থান
১.	উন্মুক্ত	স্মার্ট নাগরিক গঠনে গ্রন্থাগারের ভূমিকা	১০০০	স্বহস্তে লিখিত রচনা আগামী ০৩-০২-২০২৪ তারিখ বিকেল ২.৩০ মধ্যে এ দপ্তরে সরাসরি/ডাকযোগে জমা দেয়া যাবে।

গ) উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা:

ক্র.	গ্রুপ	শ্রেণি	বিষয়	প্রতিযোগিতার স্থান, সময় ও তারিখ
১.	ক	৮ম-দ্বাদশ শ্রেণি	তাৎক্ষণিক নির্ধারণ করা হবে	আগামী ০৩-০২-২০২৪ তারিখ বিকেল ৩ টায় গণগ্রন্থাগারে স্বশরীরে উপস্থিত হয়ে অংশগ্রহণ করতে হবে।
২.	খ	স্নাতক-স্নাতকোত্তর		

শর্তাবলী:

- নির্ধারিত সময়ে গণগ্রন্থাগারে স্বশরীরে উপস্থিত হয়ে বইপাঠ, চিত্রাংকন ও উপস্থিত আনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
- রচনা স্বহস্তে A4 সাইজের সাদা কাগজের এক সাইডে লিখতে হবে। উভয় পার্শ্বে লিখলে খাতা বাতিল বলে গণ্য হবে।
- রচনা ও চিত্রাংকনে অংশগ্রহণকারীর নাম, পিতা ও মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠান, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে।
- চিত্রাংকন প্রতিযোগিতায় শুধুমাত্র আর্টপেপার সরবরাহ করা হবে। অন্যান্য সরঞ্জাম সঙ্গে করে নিয়ে আসতে হবে।
- চিত্রাংকন ও বক্তৃতা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অবশ্যই স্কুল পরিচয়পত্রের ফটোকপি সঙ্গে করে নিয়ে এসে জমা দিতে হবে।
- রচনা সরাসরি/ডাকযোগে/কুরিয়ারে পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী ঠিকানায় প্রেরণ করা/জমা দেয়া যাবে।
- বইপাঠ প্রতিযোগিতার মূল্যায়ন ফর্ম গ্রন্থাগার থেকে প্রতিযোগিতার শুরুর সময় সরবরাহ করা হবে।
- প্রতিযোগিতা সংক্রান্ত প্রয়োজনে ০১৭২৩-২১৭৭৭৬, ০১৭২৪-৫৯৫৩৭৭ ও ০১৭১৪-৪৬০৮৩৫ নম্বরে যোগাযোগ করা যাবে।

১৮-০১-২০২৪
মোঃ মাসুদ রানা
সহকারী পরিচালক

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর;
- অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী এবং
- প্রাপক: রেজিস্ট্রার/অধ্যক্ষ/সুপার/পরিচালক/প্রধান শিক্ষক/ সভাপতি/সম্পাদক,

.....রাজশাহী।



